


গাছ কাটায় সিডনিবাসীর জরিমানা



গাছ

• সরকার কবিরউদ্দিন

সিডনির পিমবল (Pymble) এলাকায় এক বাড়ির মালিককে নিজ বাড়ির সীমানার ভেতর একটি বড় গাছ কেটে ফেলার অপরাধে মোট ২৮০০ ডলার জরিমানা করা হয়েছে। গাছ কাটার অবধারিত পরিস্থিতিতে প্রতিবেশীর সম্পদের ক্ষতি হওয়ার আশঙ্কা থাকে বলে পেশাদার ঠিকাদারকে দিয়ে কাজটা করাতে হয়। বাড়ির মালিককে জরিমানার পাশাপাশি ঠিকাদারকেও ১৫০০ ডলার জরিমানা করা হয়েছে।

সিডনিতে বসবাসরত, নর্থ-সিডনির পিমবলের অধিবাসী মি. জন ওপেনহেইমকে সব মিলিয়ে ২৮০০ ডলারের জরিমানা করা হয়েছে, কোর্টের খরচসহ। অবৈধভাবে নিজের বাড়ির সীমানার ভেতর, বাড়ির সামনে একটি বড় নেটিভ ব্লু গাম ট্রি কেটে ফেলার অপরাধে তার এই জরিমানা।

কু-রাং-গাই কাউন্সিলের এক তদন্তের পর মি. জন ওপেনহেইমকে ১৫০০ ডলার জরিমানা করা হয়েছিল। মি. জনের এতে অসন্তুষ্টি থাকায় তিনি বিষয়টি স্থানীয় কোর্ট পর্যন্ত নিয়ে যান। হর্নসবি লোকাল কোর্টে অভিযোগকারী মি. জনকে গাছ কাটার অপরাধে দোষী সাব্যস্ত করা হয়।

আদালত মি. জনকে ২৫০০ ডলার জরিমানা এবং ৩৩৩ ডলার কোর্টের

খরচসহ মোট ২৮৩৩ ডলার অর্থদ-
দিয়েছে। (Under Council's Tree



Preservation Order, trees 5m or taller or with a trunk diameter 150 millimetres or more are protected and require Council consent for

pruning or removal.)

গাছ কাটার পর উদ্ভূত পরিস্থিতিতে প্রতিবেশীর সম্পদের ক্ষতি হওয়ার আশঙ্কা থাকে বলে পেশাদার আর লাইসেন্সধারী ঠিকাদারকে দিয়ে কাজটা করাতে হয়। বাড়ির মালিককে জরিমানার পাশাপাশি একই সঙ্গে গাছটি কাটায় নিযুক্ত থাকা ঠিকাদারকেও ১৫০০ ডলার জরিমানা করেছে আদালত।

স্থানীয় আদালতের ম্যাজিস্ট্রেট রায় ঘোষণাকালে বলেছেন, পিমবলের মতো পল্লব আচ্ছাদিত উপশহরে এটা সবার জানা থাকা উচিত, এ ধরনের নগর উন্নয়নে গাছের ভূমিকা সম্পর্কে কাউন্সিলের মতামত জানা এবং কাউন্সিলকে অবহিত করা অপরিহার্য।

কাউন্সিল এবং আদালত সিডনি অধিবাসীদের আবাসন উন্নয়নে পাতাময়তার গুরুত্ব অপরিসীম বিধায় এমন বিষয়ের মুখোমুখি হলে কাউন্সিলের পরামর্শ নেয়ার অনুরোধ করেছে।

ইউক্যালিপটাস (Eucalyptus), ব্লু গাম ট্রি (Blue Gum Tree), রেড গাম ট্রি (Red Gum Tree) এবং গ্রে গাম ট্রি (Grey Gum Tree) সমগোত্রীয় গাছ। এসবই অস্ট্রেলিয়ায় স্থানীয় বৃক্ষ। বিশেষ ধরনের তেল এসব গাছ থেকে পাওয়া যায়, যা সাধারণত ইউক্যালিপটাস তেল নামে পরিচিত। শুধু অস্ট্রেলিয়াতেই পাওয়া যায় কোয়ালা (Koala) প্রাণী, যেগুলো এসব গাছেই থাকে। ■